কার্পাসডাঙ্গায় ফার্মেসী মালিককে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা

দামুডহুদার কার্পাসডাঙ্গা বাজারে ভোক্তা সংরক্ষন অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা শাখা অভিযান চালিয়ে মেসার্স উষধ বিতান ফার্মেসীর মালিক ইমদাদুল হককে ৫০হাজার টাকা জরিমানা আদায় করেছে।

ভ্রাম্যমান আদালত সুত্রে জানাগেছে মেয়াদউত্তীর্ন উষধ, বিক্রয় নিষিদ্ধ ফিসিসিয়ান সেম্পুল ও প্যাকেটে ডেট আছে উষুধের ডেট নেই এসব রদবদল করায় ভোক্তা সংরক্ষন আইন ২০০৯ এর ৪৫ও ৫১ধারায় ৫০হাজার টাকা জরিমানা আদায় করেন।

আজ মঙ্গলবার দুপুর একটার দিকে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা সংরক্ষন অভিদপ্তরের সহকারি পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন ও মেয়াদউত্তীর্ন উষধ গুলো আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল সহ অন্যন্যা সদস্যবৃন্দ। আইন শৃংখলার দ্বায়িত্বে নিয়োজিত ছিলেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এসআই ইমরান হোসেনের নেতৃত্বে একটি চৌকশ দল।

চুয়াডাঙ্গায় স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

সেবা ও উন্নতির দক্ষ রুপকার উন্নয়ন- উদ্ভাবনে স্থানীয় সরকার এই প্রতিপাদ্য চুয়াডাঙ্গায় র্যালি ও আলোচনা সভায় মধ্যে দিয়ে পালিত হয়েছে স্থানীয় সরকার দিবস ।

মানবন্ধন

চুয়াডাঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারি শিক্ষক শাকিল আরাফাতের বিরুদ্ধে মানবন্ধন ও প্রতিবাদ সভা করেছে শিক্ষার্থীরা।

আজ মঙ্গলবার (১৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা বালিকা বিদ্যালয়ের হাজারো শিক্ষার্থীরা মিলিত হয়ে এই মানবন্ধন করে। বিদ্যালয়ের সহকারি শিক্ষক শাকিল আরাফাত শিক্ষার্থীদের প্রতি কুদৃষ্টিতে তাকানো, শ্লীতাহানি করা, হুমকি দেওয়ার প্রতিবাদে সঠিত বিচারের দাবিতে এই মানবন্ধন করে বিদ্যালয়ের সকল শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।

এসময় মানবন্ধন করতে করতে চুয়াডাঙ্গা বালিকা বিদ্যালয়ে থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এসে অবস্থান নেই বিদ্যালয়ের শিক্ষার্থীরা। এই শিক্ষকের বিচারের দাবিতে বিদ্যালয়ের শিক্ষার্থীরা চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার বরাবর একটা স্মারকলিপি প্রদান করেন। এরপর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে অবস্থানের সময় শিক্ষার্থীরা বলেন, আমরা চাই এই শিক্ষকের দীর্ঘ মেয়াদের সাজা হোক। এরপরে যেন কোনো শিক্ষার্থীর এই কুদৃষ্টিতে তাকানো, শ্লীতাহানি করা, হুমকি দিতে না পারে সেজন্য এই শিক্ষকের কঠিন বিচার চাই। এই শিক্ষক শাকিল আরাফাত প্রতিনিয়ত আমাদের সহপাঠিদের কুপ্রস্তাব দিয়ে আসছিল। অনেক শিক্ষার্থীকে ভয় দেখিয়েও খারাপ কাজ করতে বাধ্য করেছে। এখন আমাদের মুখ খুলার সময়। অনেকে ভয় আর লজ্জার কারণে মুখ খুলতেও পারিনি অনেক শিক্ষার্থী। তাই এইরকম যেন না হয় শিক্ষার্থীদের আর সেজন্য এই শিক্ষকের কঠিন শাস্তির আওতায় নিয়ে আসতে হবে । কঠিন শাস্তির আওতায় না নিয়ে আসলে মানবন্ধন অব্যাহত থাকবে।

পরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা শিক্ষার্থীদের মানবন্ধনের সামনে এসে বলেন, চুয়াডাঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারি শিক্ষক শাকিল আরাফাতের ইতিমধ্যে আইনের আওতাই নিয়ে আসা হয়েছে। এ সময় তিনি আরও বলেন তার অপরাধের জন্য তাকে কঠিন শাস্তি দেওয়া হবে। এই আশ্বাস কথা শোনার পর শিক্ষার্থীরা তারা তাদের মানবন্ধন স্থল ছেড়ে চলে যায় তাদের শ্রেণি কক্ষে।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির এক ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগে ওই বিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারী শিক্ষক শাকিল আরাফাতকে (৩৫) গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল সোমবার বিকেলে ওই শিক্ষার্থীর বাবা চুয়াডাঙ্গা সদর থানায় গিয়ে অভিযুক্তের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করে। গ্রেফতারকৃত শিক্ষক শাকিল আরাফাত ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার ফরাশপুর গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে। গত ৪ আগষ্ট অন্যান্য দিনের মতো ব্যাচে পড়তে যায় ওই শিক্ষার্থী। পড়া শেষ হলে ছুটির সময় শিক্ষক শাকিল ওই শিক্ষার্থীকে জানান- স্কুলের ৮ম শ্রেণির ছাত্রীদের পরীক্ষার খাতা তাকে একটু দেখে দিতে হবে। সেজন্য পরের দিন সকালে সে যেন তার বাসায় সকালে আসে।

শিক্ষকের কথা মতো ওই শিক্ষার্থী পরের দিন শিক্ষক শাকিলের বাড়িতে যায়। বাড়িতে কেউ না থাকায় কথার কৌশলে ওই শিক্ষার্থীকে বেডরুমে নিয়ে বিভিন্ন কু-প্রস্তাব দিতে থাকে শিক্ষক শাকিল। অনেক শিক্ষার্থীকে ভয় দেখিয়েও খারাপ কাজ করতে বাধ্য করেছে। ওই সময় ওই শিক্ষার্থীর শরীরের স্পর্শকাতর স্থানে হাত দেয় অভিযুক্ত শিক্ষক। এসময় ওই শিক্ষার্থী শিক্ষক শাকিলকে তার এমন অনৈতিক কার্যকলাপে বাধা দেয়। একপর্যায়ে শিক্ষককে ধাক্কা দিয়ে তার বাড়ি থেকে বের হয়ে যায় ওই শিক্ষার্থী।

চুয়াডাঙ্গায় ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগ,গ্রেপ্তার শিক্ষক

চুয়াডাঙ্গায় ১০ম শ্রেণির এক ছাত্রীকে শ্লীলতাহানি করার অভিযোগে চুয়াডাঙ্গা সরকারি বালিকা বিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারী শিক্ষক শাকিল আরাফাতকে (৩৫) গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ সোমবার বিকেলে শিক্ষার্থীর অভিভাবক চুয়াডাঙ্গা সদর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করলে পুলিশ শিক্ষক

শাকিল আরাফাতকে গ্রেপ্তার করে।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি মাহাব্বুর রহমান জানান, শিক্ষক শাকিল আরাফাত ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার ফরাশপুর গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে। তিনি ইংরেজি বিভাগের শিক্ষক হিসেবে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে কর্মরত ছিলেন।

তিনি তার চুয়াডাঙ্গার ভাড়া বাড়িতে শিক্ষার্থীদের প্রাইভেট পড়াতেন। ভুক্তভোগী শিক্ষার্থী ওই বাড়িতে পড়তে গেলে শিক্ষক শাকিল আরাফাত ওই শিক্ষার্থীকে কৌশলে তার বেডরুমে ডেকে শ্লীলতাহানি করার চেষ্টা করে। এসময় শিক্ষার্থী শিক্ষককে ধাক্কা দিয়ে বেরিয়ে চলে আসে।

এ ঘটনায় ওই ছাত্রীর বাবা চুয়াডাঙ্গা সদর থানায় শিক্ষক শাকিল আরাফাতকে আসামি করে নারী ও শিশু নির্যাতন আইনে মামলা দায়ের করেছেন।

ওই মামলায় শিক্ষক শাকিলকে গ্রেপ্তার করা হয়েছে। তাকে মঙ্গলবার সকালে আদালতে সোপর্দ করা হবে।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের মাদক বিরোধী অভিযানে গ্রেফতার ৩

কার্পাসডাঙ্গা ক্যাম্প পুলিশের মাদক বিরোধী অভিযানে ১ কেজি গাঁজা ও ইজিবাইকসহ গ্রেফতার ৩। আজ সোমবার দুপুর ২টা ১০ মিনিটের সময় দামুড়হুদা উপজেলা কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প কতৃক দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবিরের নেতৃত্বে একটি মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প।

এসময় কার্পাসডাঙ্গা-সুবলপুর রোডে একটি গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ জানতে পারেন একটি ইজিবাইকে একদল মাদককারবারী ইজিবাইকযোগে

গাঁজা নিয়ে যাচ্ছেন। এসময় মালেক মিয়ার রায়সা ইট ভাটার সন্নিকট এলাকা থেকে পাকা রাস্তার উপর হইতে ইজিবাইক তল্লাশি করে ১ কেজি গাজা সহ একটি ইজিবাইক ও ৩ জন মাদককারবারীকে গ্রেফতার করেন পুলিশ। গ্রেফতারকৃতরা হলেন চুয়াডাঙ্গা সদর থানার বেলগাছি গ্রামের মো: রহিম আলী ছেলে মো: জহুরুল ইসলাম(৩৮), জহুরুল ইসলামের স্ত্রী হীরা খাতুন (৩৫), মুক্তার আলীর ছেলে চান মিয়া(২২)।

এই অভিযানে অংশ নেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই মো: ইমরান হোসেন সহ এ এস আই মোসলেম উদ্দিন ও এ এস আই সাইদুর রহমান সহ সঙ্গীয় ফোর্স। পুলিশ সূত্রে জানা গেছে গতকালই গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

বারবার এই মাদকবিরোধী অভিযানে সফল হওয়ায় এলাকায় সুধী মহল ধন্যবাদ জানিয়েছেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প’কে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক সাথে হাউলী ইউপি সদস্যদের সাথে মতবিনিময়

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা’র সাথে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদের সদস্যদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ১১ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে চেয়ারম্যানের কার্যালয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ইউনিয়ন পরিষদে আসা সেবা গ্রহীতারা যেন কোনোভাবেই হয়রানির শিকার না হয়। সে বিষয়ে তিনি নির্দেশনা প্রদান করেন। এসময় তিনি বিভিন্ন সেবামূলক কাজ বাল্যবিবাহ মাদক ইভটিজিং থেকে বিরত থাকার জন্য জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে নিজ নিজ ওয়ার্ডের ইউপি সদস্যদের উঠান বৈঠকের

মাধ্যমে জনসচেতনতা তৈরীর নির্দেশ প্রদান করেন। ইউনিয়ন পরিষদের বিভিন্ন সেবামূলক কার্যক্রমের জন্য সঠিক দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও ইউনিয়নে উন্নয়নমূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণের পরামর্শ দেন। ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠু এবং সুন্দরভাবে পরিচালনার জন্য চেয়ারম্যান, সচিব এবং ইউপি সদস্যদের উদ্বুদ্ধ করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সঠিকভাবে কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেন।

ইউনিয়ন পরিষদে আগত সেবা গ্রহীতাদের সাথে সর্বদা সদ্ব্যবহার ও দ্রুত সময়ে সেবা দান করার পরামর্শ দেন তিনি। পরে তিনি ইউনিয়ন পরিষদে আগত সমস্ত সেবা গ্রহীতাদের সাথে কথা বললেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, জেলা সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শহিদুল আলম মিনহাজ, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, ইউপি সচিব নাঈম উদ্দিন সহ পরিষদের সকল সদস্য ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

সেবা ও উন্নতির দক্ষ রুপকার, উন্নয়নে উদ্ভাবনে স্থানীয় সরকার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১২ টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে র্যালি ও পরিষদের সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সচিব নাঈম উদ্দিন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, রিকাত আলী, আব্দুল হান্নান পটু, শাহজামাল, সেলিম উদ্দিন সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সেবা গ্রহীতারা উপস্থিত ছিলেন।

এসময় হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগে বাংলাদেশে এই প্রথম স্থানীয় সরকার দিবস পালিত হচ্ছে। ইউনিয়ন পরিষদে নিরবিচ্ছিন্ন ভাবে সাধারণ জনগণকে সেবা প্রদান করা হচ্ছে। ১৭,১৮,১৯ তারিখ এই তিন দিন স্থানীয় সরকার উন্নয়ন মেলা উপজেলা চত্বরে অনুষ্ঠিত হচ্ছে, সেখানে আমাদের হাউলী ইউনিয়ন পরিষদের স্টল রয়েছে। ওই স্টলেও নিরবিচ্ছিন্ন হবে সেবা প্রদান করা হচ্ছে।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে ৩০পিস ইয়াবা ট্যাবলেটসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৩০পিস ইয়াবা ট্যাবলেটসহ মাদক সম্রাট কসাই কাজলকে আটক করেছে পুলিশ।

আটককৃত আসামি হলেন উপজেলার জয়রামপুর নওদাপাড়ার মোঃ ফজলুল হকের ছেলে খবির উদ্দিন ওরফে কসাই কাজল(৩৮)।

পুলিশ সূত্রে জানা গেছে আজ সোমবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবিরের নেতৃত্বে এস আই আরমান হোসেন ও এএসআই বিপ্লব কুমার দাস সঙ্গীয় ফোর্স সহ মাদক বিরোধী অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন হাউলী ইউনিয়নের লোকনাথপুর ডিএস আদর্শ দাখিল মাদ্রাসার সামনে চুয়াডাঙ্গা টু দর্শনা গামী পাকা রাস্তার উপর থেকে ৩০পিস ইয়াবা ট্যাবলেট সহ হাতেনাতে গ্রেফতার করে আসামি খবির উদ্দিন ওরফে

কসাই কাজলকে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর আটকের সত্যতা নিশ্চিত করে জানান,আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা পূর্বক আজ আদালতে প্রেরণ করা হয়েছে।

তিনি আরও বলেন, দামুড়হুদা মডেল থানা এলাকায় কোন প্রকার মাদকদ্রব্য কারবারি থাকবে না। জেলা পুলিশের সুযোগ্য পুলিশ সুপার মহোদয়ের নির্দেশনায় মাদক বিরোধী অভিযান চলমান থাকবে।

প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদানে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান বাবু

প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ জেলা পর্যায়ে শ্রেষ্ঠ দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

গত ১৩ সেপ্টেম্বর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটির সদস্য সচিব তবিবুর রহমান স্বাক্ষরিত ফলাফলের তালিকা থেকে এ তথ্য জানা যায়।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়ের তথ্য মতে, ৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভা নিয়ে গঠিত দামুড়হুদা উপজেলায় নিম্ন আয়ের মানুষের সংখ্যা বেশি হওয়ায় কয়েক বছর আগেও ওই অঞ্চলের শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির হার উদ্বেগজনক ছিল। কোভিড-১৯ পরবর্তী সময়ে প্রাথমিকের শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করতে নানা কর্মপরিকল্পনা গ্রহণ করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

নিয়মিত কাজের ফাঁকে সময় পেলেই ছুটে যান বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে। মজার মজার গল্পের মাধ্যমে কোমলমতি শিশুদের আকৃষ্ট করে। শিশুদের নিয়মিত বিদ্যালয়মুখী করতে উপহার দেন স্কুল ড্রেস, স্কুল ব্যাগ, টিফিন বক্স, শিক্ষা উপকরণসহ নানা খেলার সামগ্রী।

এছাড়াও নিয়মিত উপস্থিত হন বিদ্যালয়ের অভিভাবক মা সমাবেশে। তার প্রচেষ্টায় উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধির পাশাপাশি পড়ালেখায় মনোযোগী হয়ে উঠার প্রবণতা ক্রমশ বেড়েই চলেছে।

চুয়াডাঙ্গা জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটির সদস্য সচিব তবিবুর রহমান বলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান হবার পর থেকেই শিক্ষার্থীদের ঝরে পড়া রোধে উল্লেখযোগ্য অবদান রেখেছেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু। প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদান রাখায় ব্যক্তি এবং প্রতিষ্ঠান পর্যায়ে এ বছর ১৪ জনকে শ্রেষ্ঠ নির্বাচিত করা হয়েছে।

আলমডাঙ্গায় ৩দিন ব্যাপি স্থানীয় সরকার দিবস ও উন্নয়ন মেলার উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের আয়োজনে তিনদিন ব্যাপী জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা-২০২৩’র উদ্বোধন করা হয়েছে।

” সেবা ও উন্নতির দক্ষ রুপকার,উন্নয়নে উন্নয়নে স্থানীয় সরকার” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে আজ রোববার সকাল ১০ টার দিকে উপজেলা মঞ্চ চত্বরে এ মেলার উদ্বোধন করা হয়।

উন্নয়ন মেলা উপলক্ষে শহরে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। শোভাযাত্রা শেষে উপজেলা পরিষদ মঞ্চে উন্নয়ন মেলা সম্পর্কে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।